




রাজ্যে প্রথম দু'দফার ভোটের নজরকে সামনে রেখে তৃতীয় দফাতেও অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন করতে নির্বাচন কমিশন উদ্যোগী হয়েছে। ...বিস্তারিত পাতা ৩



সৌমেন্দু অধিকারীর মনোনয়ন জমাকে কেন্দ্র করে উত্তেজনা কাঁথিতে। শুধু তাই নয়, শিশির অধিকারীকেও মনোনয়ন জমা দিতে বাধা দেওয়ার অভিযোগ। ...বিস্তারিত পাতা ৫



ভোটের আবহে ভয়ঙ্কর শব্দে কেঁপে উঠল বার্নাপুর স্টিল প্ল্যান্ট লাগোয়া এলাকা। হঠাৎ করে এমন বিস্ফোরণের শব্দে তুমুল হইচই শুরু হয়ে যায় এলাকায়। ...বিস্তারিত পাতা ৭



রিক্রিকে কেন টি২০ বিশ্বকাপের মূল দলে রাখা হয়নি? তা নিয়ে যুক্তি সাজানোর চেষ্টা করলেন অধিনায়ক রোহিত শর্মা এবং প্রধান নির্বাচক অজিত আগরবাল। ...বিস্তারিত পাতা ৮

‘তৃণমূল আর বিজেপি হল, একই মুদ্রার এপিঠ-ওপিঠ’

দুরন্ত বার্তা, বহরমপুর, ২ মেঃ চাণে পড়ে এবার বয়ান বদলানো বহরমপুরের কংগ্রেস প্রার্থী অধীররঞ্জন চৌধুরী। আসলে তাঁর ওই ভিডিও ভাইরাল হয়ে যাওয়ায় লোকসভা নির্বাচনের পরশুমে চাণে পড়ে যান তিনি। তৃতীয় দফায় মালদা উত্তর-দক্ষিণ, জাম্পুর, মুর্শিদাবাদ আসনে নির্বাচন রয়েছে। এই আবহে প্রদেশ কংগ্রেস সভাপতি তথা বহরমপুরের কংগ্রেস প্রার্থী অধীররঞ্জন চৌধুরীর একটি মারাত্মক বক্তব্যসহ ভিডিও ফাঁস করে দিয়েছে তৃণমূল কংগ্রেস। তাতে বিজেপিকে সমর্থন করার কথা বলতে শোনা গিয়েছে। অথচ ইন্ডিয়া জেটে রয়েছে তৃণমূল কংগ্রেস। পরিস্থিতি এমন পর্যায়ে পৌঁছয় যে, জয়রাম রমেশকে মন্তব্য করতে হয়। আর আজ, বৃহস্পতিবার ডায়ালগ কন্ট্রোল করতে সাংবাদিক বৈঠক করলেন অধীর চৌধুরী। এদিকে বাংলায় কংগ্রেস-সিপিএমের আসন সমঝোতা হয়েছে। একে অন্যের হয়ে বড় প্রশংসা করে সভা করছেন। এই আবহে কংগ্রেস প্রার্থী মূর্তজা হোসেনের সমর্থনে সভা করতে যান অধীররঞ্জন চৌধুরী। সেখানেই সভা মঞ্চ থেকে তৃণমূল কংগ্রেসের বদলে বিজেপিকে ভোট দেওয়ার পক্ষে সওয়াল করেন বহরমপুরের বিদায়ী সাংসদ। ওই সভা মঞ্চ থেকে অধীর চৌধুরীকে একাধিকবার বলতে শোনা গেল, “তৃণমূলকে ভোট দেওয়ার থেকে ভাল বিজেপিকে ভোট দিয়ে দেওয়া।” এই বক্তব্যের ভিডিও সোশ্যাল মিডিয়ায় পোস্ট করেছে তৃণমূল কংগ্রেস। ওই আট সেকেন্ডের ভিডিওর সত্যতা যাচাই করেনি দুরন্ত বার্তা। অন্যদিকে বিষয়টি নিয়ে জলগোলা হল আসরে নেমে পড়ে কংগ্রেস হাইকমান্ড। এই বিষয়ে সংবাদসংস্থা এএনআই-কে দেওয়া সাক্ষাৎকারে শীর্ষ নেতা জয়রাম রমেশ বলেন, “আমি ওই ভিডিও দেখিনি। আর জানি না কোন প্রেক্ষিতে এমন কথা তিনি বলেছেন। তবে একটা বিষয় আমি পরিস্কার করে জানাতে চাই যে, কংগ্রেসের এখন একমাত্র লক্ষ্য, বিজেপি ২০১৯ সালে যে আসন পেয়েছিল বাংলায় তা বড় রকমের হ্রাস হোক। এটা বিধানসভার ভোট নয়। এটা লোকসভার ভোট। মমতা বন্দ্যোপাধ্যায় নিজেই বলেছেন, তাঁর দল তৃণমূল কংগ্রেস ইন্ডিয়া জেটে আছে। যদিও বাংলায় আমাদের আসন সমঝোতা হয়নি।” এই পরিস্থিতিতে আর কোনও উপায় দেখতে পাননি অধীর চৌধুরী। তাই বিষয়টি নিয়ে এবার মুখ খুলতে বাধ্য হলেন। বলেন, “এটা খোলা মঞ্চ। এখানে কোনও চুরি বা লুকোনোর বিষয় নেই। আমি বলতে চেয়েছি, তৃণমূল আর বিজেপির মধ্যে যে অসিদ্ধিত জোট হয়েছে তাতে তৃণমূলকে ভোট দেওয়া আর বিজেপিকে ভোট দেওয়া একই ব্যাপার। তৃণমূল আর বিজেপি হল, একই মুদ্রার এপিঠ-ওপিঠ। আসলে ওয়া যমজ ভাই। বুঝেছেন?”

‘সিএএ নিয়ে ভয় পাবেন না’ আইএএস, আইপিএস অফিসারদের বিজেপির হয়ে কাজ করতে বলা হচ্ছে ফোন করে। মমতা

দুরন্ত বার্তা, তেহট্ট, ২ মেঃ কৃষ্ণনগরের তৃণমূল প্রার্থী মহুয়া মৈত্রের সমর্থনে প্রচারে গিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেখানে গিয়ে আরও একবার সংসদ থেকে মহুয়াকে বহিস্কার নিয়ে মুখ

কেন্দ্র চ্যুত্রে গেলে সাপ বেড়িয়ে যাচ্ছে। মমতা এও বলেন, “মহুয়াকে নিয়ে ওদের খুব ছালা। ও মুখে উপর কথা বলে দেয়া। ভয় পায় না।” তৃণমূল প্রার্থীকে ‘বাঘ’ বলেও সম্বোধন করেন তিনি। বলেন, “ও

বেচার। কিছু জানে না। ওঁর বাড়িতেও তল্লাশি করে এল। ওদের কাজ যেমন করে হোক মহুয়াকে হারানো।” তেহট্টের জনসভার মঞ্চ থেকে এদিন দুর্নীতি প্রসঙ্গে মুখ খোলেন মমতা বন্দ্যোপাধ্যায়।



খোলেন তৃণমূল সূত্রিণী। তৃণমূল প্রার্থীকে পাশে দাঁড় করিয়ে কেন্দ্রীয় সরকারকে কার্যত একহাত নেন তিনি। বলেন যে, “আগামী কাল এখানে বিজেপি নেতারা মিথ্যা কথা বলতে আসছেন। কারণ মহুয়াকে নিয়ে ওদের খুব ছালা।” বস্তুত, ঘৃণ নিয়ে সংসদে প্রশ্ন করার অভিযোগে উদ্ভাল হয়েছিল সংসদ। বহিস্কার হুম মহুয়া। চর্চায় উঠে আসে তাঁর প্রাক্তন প্রেমিক তথা সূত্রিণী কোর্টের আইনজীবী জয় অনন্ত দেহদ্রাইয়ের প্রসঙ্গও কিন্তু মহুয়া মৈত্রের পাশে বারবরই থাকতে দেখা সূত্রিণী। আজও প্রচারে গিয়ে মুখ্যমন্ত্রী বলেছেন, “কার সঙ্গে কার বন্ধুত্ব

লড়াই করে বাঘের বাচ্চার মতো।” মুখ্যমন্ত্রী দাবি, মহুয়া মৈত্র যেহেতু হামি এসেছে বাংলায় তদন্ত করতো। চারটি রাজ্য বেছে নিন। মহারাষ্ট্র, বিহার, উত্তরপ্রদেশ এবং বাংলা। তাদের রেকর্ড কার্টা ফেলুন এজি রিপোর্ট সহ। দেখবেন একটা কিছু পাবনি বাংলার দুর্নীতির বিরুদ্ধে।” তা সত্ত্বেও কেন বাংলাকে বঞ্চিত করা হচ্ছে, সেই ব্যাখ্যা দিয়েছেন তৃণমূল নেত্রী। রাজ্যের স্থানীয় বিজেপি নেতাদের কথাতেই কেন্দ্রীয় সরকার বাংলাকে ১০০ দিনের টাকা সহ একাধিক প্রকল্পের টাকা দিচ্ছে না বলে অভিযোগ করেছেন মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি

বিজেপি সরকারকে নিশানা করে তিনি বলেছেন, “৩৫০টা কেন্দ্রীয় হামি এসেছে বাংলায় তদন্ত করতো। চারটি রাজ্য বেছে নিন। মহারাষ্ট্র, বিহার, উত্তরপ্রদেশ এবং বাংলা। তাদের রেকর্ড কার্টা ফেলুন এজি রিপোর্ট সহ। দেখবেন একটা কিছু পাবনি বাংলার দুর্নীতির বিরুদ্ধে।” তা সত্ত্বেও কেন বাংলাকে বঞ্চিত করা হচ্ছে, সেই ব্যাখ্যা দিয়েছেন তৃণমূল নেত্রী। রাজ্যের স্থানীয় বিজেপি নেতাদের কথাতেই কেন্দ্রীয় সরকার বাংলাকে ১০০ দিনের টাকা সহ একাধিক প্রকল্পের টাকা দিচ্ছে না বলে অভিযোগ করেছেন মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি

‘পার্থ মন্ত্রী না থাকলেও তিনি যে কতটা প্রভাবশালী, তা আদালতে বসেই বুঝছি’

দুরন্ত বার্তা, কলকাতা, ২ মেঃ নিয়োগ দুর্নীতি মামলায় মুখ্যসচিবের ভূমিকায় ফুর্ক কলকাতা হাইকোর্ট। বৃহস্পতিবার কলকাতা হাইকোর্টের বিচারপতি জয়মাল্য বাগচি মুখ্যসচিব বিপি গোপালিকাকে তুলোথনা করেন। বিচারপতির তাৎপর্যপূর্ণ মন্তব্য, “পার্থ মন্ত্রী না থাকলেও তার ক্ষমতা বেশ বুঝতে পারছি আদালতে বসে।” রাজ্যের তরফে আদালতে সওয়াল করা হয়, “আমাদের সাত সওয়াই সময় লাগবে।” বিচারপতি জয়মাল্য বাগচি তখন বলেন, “খুব খারাপ। এটা ইচ্ছাকৃত সেবি।” বিচারপতি বিরক্ত হয়ে প্রশ্ন করেন, “আদালত অবমাননার কৌশল নিচ্ছেন নাকি? আমাদের নির্দেশের অবমাননা এটা? এই মামলার দ্রুত হওয়ার গুরুত্ব বুঝুন। আপনি এজি হয়ে যদি না বোঝেন এবং আদালতের কথা না শোনেন, তাহলে বিচারব্যবস্থার অপমান। সিরিয়াস ন্যূটার।” রাজ্যের মুখ্যসচিবের উদ্দেশ্যে বিচারপতি আরও বলেন, “এটা কোনও সাধারণ ল্যাক্সার্জ হতে পারে না। এটা গণতান্ত্রিক পরিকার্টামোয় এভাবে স্ট্যান্ট চলে না। গণতান্ত্রিক পরিকার্টামোয় বিশ্লেষণ যাবে।” পদ নয় পথে আছি। তৃণমূলের কবী ছিলাম, থাকব। আজ না হয় কাল মমতা-অভিষেক বুঝবেন, অনুধাবন করবেন। এই আত্মবিশ্বাস নিয়ে দলটা চালিয়ে যাব। এদিকে কুণাল যখন সাংবাদিকদের এ কথা বলছেন তখন পাশ থেকে একটা ই স্লোগান বারবার শোনা পাতে লাগল, দাদা তুমি এগিয়ে চল আমরা তোমার সঙ্গে আছি। তাতেই যেন বারবার বিদ্রল হতে দেখা গেল কুণালকে। কিছুদূর এগিয়ে ফের থাকলেন কুণাল। বলেন, “সারারাত ফোনের পর ফোন এসেছে জেলা থেকে। আমি কৃতজ্ঞ। এটা অনেকটা বড় পাণ্ডা। কী হবে পদ নিয়ে।”

করা হয় পার্থ চট্টোপাধ্যায়কে। তারপর একে একে প্রেফতার করা হয় মধ্যশিক্ষা পর্যদের প্রাক্তন সভাপতি কল্যাণময় গঙ্গোপাধ্যায়, এসএসসি’র প্রাক্তন সোয়ারম্যান সুবীর্ষে ভট্টাচার্য, প্রাক্তন সচিব অশোককুমার সাহা-সহ একাধিক সরকারি অধিকারিককে। কিন্তু তাঁদের বিরুদ্ধে বিচার শুরু করতে গেলে রাজ্য সরকারের অনুমোদনের প্রয়োজন হয়। ২০২২ সালের নভেম্বর মাসে মুখ্যসচিবের কাছ থেকে অনুমোদন চাওয়া হয়। কিন্তু আজও পর্যন্ত সেই অনুমোদন দেয়নি রাজ্য। এদিন

বিচারপতি সে প্রসঙ্গে বলেন, “আমরা জানমতাম আপনারা খুব ভালো বন্ধু। আপনারা বন্ধুরা আপনাকে রক্ষা করছে। শেষ দিনেও যদি রাজ্য অনুমোদন না দেয় তাহলেও অবাক হব না। এসব স্ট্যাটুটি খুব ভালো বুঝি।” পার্থকে বিচারপতি বলেন, “আপনি প্রভাবশালী ছিলেন। এটি প্রভাবশালী ক্রিমিনাল প্রক্রিয়ার ওপরেও প্রভাব বিস্তার করতে পারেন।” বিচারপতির মন্তব্য, “এটা প্রতিষ্ঠানের যত্নহীন। মুখ্যসচিবের পেন উঠছে না? ভাবা যায় এমন অবস্থা। আমরা বেশ বুঝতে পারছি এর কারণ। আপনার যখন গোপন বন্ধু আছেন তারই আপনার জামিনের ডাঙা নির্ধারণ করবেন।”

হাওড়ার পঞ্চায়েত অফিসে শ্যুট আউট

দুরন্ত বার্তা, হাওড়া, ২ মেঃ হাওড়ার পঞ্চায়েত অফিসে শ্যুট আউট। দুষ্কৃতীদের গুলিতে জখম হয়েছেন দুজন। তাদের একজনের পায়ে গুলি লেগেছে বলে খবর। হাসপাতালে নিয়ে যাওয়া হয় তাদের। ভরদুপুরে এই ঘটনায় তুমুল শোরগোল পড়ে বাকড়ার তিন নম্বর পঞ্চায়েত অফিসে। প্রত্যক্ষদর্শীরা জানান, বেলা দেড়টা নাগাদ তিনজন দুষ্কৃতী পঞ্চায়েত অফিসে ঢোকে। প্রধানের খোঁজ করে তারা। তারপরেই গুলি ছুড়তে শুরু করে। গুলি লেগে বনবান করে ভেঙে পড়ে কাচের দরজা-জানলা। আচমকা এমন ঘটনায় আতঙ্কিত হয়ে পড়েন কর্মচারীরা। ছোটখাটু শুরু হয়ে যায়। পালানোর সময় গুলি লাগে দুজনের। গুরুতর জখম অবস্থায় তাদের হাসপাতালে নিয়ে যাওয়া হয়। গুলি চালানোর অভিযোগ উঠেছে, এই পঞ্চায়েতেরই এক প্রাক্তন সদস্যের মদতপুষ্ট দুষ্কৃতীদের বিরুদ্ধে।

‘আজ না হয় কাল মমতাদি-অভিষেক বুঝবেন’, চোখে জল কুণালের

দুরন্ত বার্তা, কলকাতা, ২ মেঃ বুধবার গিয়েছিল রাজ্য সাধারণ সম্পাদকের পদ। বৃহস্পতিবার দলের তারকা প্রচারকের তালিকা থেকেও বাদ নাম। তাতেই যেন তৃণমূল নেতা কুণাল ঘোষের মনে বিধানে ভেদ। কলকাতার রাজপথে দলের কবী, অনুগামীদের পাশে পেয়ে চোখে এল জল। খানিকটা আবেগভাজিতও হয়ে পড়লেন। বলেন, “কুণাল ঘোষের কোনওদিন পদ লাগেনি। পদ নয় পথে আছি। তৃণমূলের কবী ছিলাম, থাকব। আজ না হয় কাল মমতা-অভিষেক বুঝবেন, অনুধাবন করবেন। এই আত্মবিশ্বাস নিয়ে দলটা চালিয়ে যাব। এদিকে কুণাল যখন সাংবাদিকদের এ কথা বলছেন তখন পাশ থেকে একটা ই স্লোগান বারবার শোনা পাতে লাগল, দাদা তুমি এগিয়ে চল আমরা তোমার সঙ্গে আছি। তাতেই যেন বারবার বিদ্রল হতে দেখা গেল কুণালকে। কিছুদূর এগিয়ে ফের থাকলেন কুণাল। বলেন, “সারারাত ফোনের পর ফোন এসেছে জেলা থেকে। আমি কৃতজ্ঞ। এটা অনেকটা বড় পাণ্ডা। কী হবে পদ নিয়ে।”

এরপরই খানিক ফোনের সুর শোনা গেলে তার গলায়। বলেন, “দলের মধ্যে বিরোধীদের বিরুদ্ধে যারা আক্রমণাত্মক অবস্থান নিয়েছেন তাঁরাই আজ কোণঠাসা।”

তালিকা!” এখানেই নাম থেমে কুণাল আরও বলেন, “আমি বা আমার মতো দু’একজন সব কিছু পিছুটান ভুলে, পিছন দিকে না তাকিয়ে অল আউট আটাক করতাম। তা

দলের যদি মনে হয় এ সব দরকার নেই, দল বুঝবে। যারা চালাচ্ছে তারা বুঝবে।” আগেও অধিকারীকে চোর বলতে গেলে তিনবার বাধকরমে যেতে হয় তাদের আবার কী

বিরুদ্ধে অভিযোগ এসেছিল তিনি এখনও রয়েছেন মন্ত্রিসভায়। কার দিকে ইঙ্গিত করছেন কুণাল? চাপানউতোর বাড়ছে। প্রসঙ্গত, উত্তর কলকাতার বিভিন্ন ওয়ার্ড থেকে এদিন তৃণমূল কর্মীরা আসেন কুণালের কাছে। ৪২ নম্বর ওয়ার্ড, ৩০ নম্বর ওয়ার্ড, সিটি কলেজের তৃণমূল কর্মী সমর্থকেরা এদিন চাঁদনি চকের কাছে কুণালের যে কার্যালয় রয়েছে সেখানে ভিড় করেন। প্রসঙ্গত, এদিনই আবার কুণালের হয়ে ব্যাট ধরছেন প্রাক্তন তৃণমূল সাংসদ শান্তনু সেন। তাঁর গলাতেও খানিক একই সুর শোনা গিয়েছে শান্তনুর গলাতে। বলেন, “বিগত কয়েক বছরে দল যখন অস্বস্তিকর পরিস্থিতিতে পড়েছে তখন শান্তনু সেন বা কুণাল ঘোষ, আমাদের মতো হাতগোনা কয়েকজন আগু-পিছু না ভেবে দলের হয়ে বলে গিয়েছি, দলকে ডিফেন্ড করে গিয়েছি। বিরোধীদের চাঁচাছোলা ভাষায় আক্রমণ করেছি। একটা মানুষের এক দুদিনের মন্তব্যের জন্য তাঁর অতীতের যে দলের প্রতি যে অবদান সেটা কিন্তু হঠাৎ শূন্য হয়ে যায় না।”

বুকিং চলছে

গীতাঞ্জলি ফরেস্ট রিট্রিট

অযোধ্যা, আরসা, পুরুলিয়া

9875658238
8820071827
8334826975

‘রীতি ছাড়া বিবাহ বৈধ নয়’, পর্যবেক্ষণ সুপ্রিম কোর্টের

নয়াদিল্লি, ২ মেঃ হিন্দু বিবাহ শুধুমাত্র নাচগান বা খাওয়ানওয়ার অনুষ্ঠান নয়। হিন্দু বিবাহ আইনের অধীনে নির্দিষ্ট রীতি ছাড়া তা বিবাহ হিসাবে গণ্য হবে না। এমনটাই বলল সুপ্রিম কোর্ট। বিচারপতি বিডি নাগারঙ্গ ও বিচারপতি অগাস্টাইন জর্জ মালিহ-র বেষ্ধে একটি বিবাহ বিচ্ছেদের মামলার শুনানিতে বিচারপতিদের তরফে বলা হয়, বিবাহ হল একটি সংস্কার। ভারতীয় সভ্যতার মূল্যবোধ জড়িয়ে রয়েছে বিবাহের সঙ্গে। সম্প্রতিই দুই কমাশিয়াল পাইলটের বিবাহ বিচ্ছেদের আবেদন করেন। তাদের হিন্দু মতে কোনও রীতি পালন করে বিবাহ হয়নি। মামলার শুনানিতে সুপ্রিম কোর্টের বেষ্ধের তরফে যুব সাক্ষ্যের কাছে আবেদন জানানো হয়, বিবাহের মতো প্রতিষ্ঠানের অংশ হওয়ায় আগে তারা যেন গভীরভাবে চিন্তাভাবনা করে এবং ভারতীয় সমাজে বিবাহকে কতটা পবিত্র হিসাবে গণ্য করা হয়, তা বিবেচনা



করে। সুপ্রিম কোর্টের বিচারপতিরা বেষ্ধের তরফে বলা হয়, বিবাহ শুধুমাত্র নাচ-গান ও খাওয়া-দাওয়ার অনুষ্ঠান নয়, বা চাপে পড়ে পণ ও উপহার লেনদেনের অনুষ্ঠান নয়। বিবাহ কোনও বাণিজ্যিক লেনদেন নয়। এটি হল একজন পুরুষ ও মহিলার মধ্যে সম্পর্ক তৈরি, যারা ভবিষ্যতে স্বামী-স্ত্রী হিসাবে পরিচিত হবেন। ভারতীয় সমাজের মূল ভিত্তিই এটি। বিবাহকে সমত্া, সম্মতিবির ভিত্তিতে আজীবনের পবিত্র মিলন বলে উল্লেখ করে সুপ্রিম কোর্টের বেষ্ধের তরফে বলা হয়, “যুবক-যুবতীদের কোনও অনুষ্ঠান ছাড়া নিজেদের স্বামী-স্ত্রীর পরিসে দেওয়ার এই অভ্যাসকে আমরা অনুমোদন দিচ্ছি না।” হিন্দু বিবাহ হল একটি পবিত্র অনুষ্ঠান। ঋক বেদ অনুসারে হিন্দু বিবাহে সপ্তপদী (সাত পাকে বোরা)–র পর স্বামী তাঁর স্ত্রীকে বলেন, “এই সাত পাকে আমরা সখা হলাম। এই বন্ধুত্ব থেকে আমরা কখনও আলাদা হব না।” স্ত্রীকে অর্ধাঙ্গিনী বলা হয়। তবে তাঁর নিজেরও পরিস্যকে গ্রহণ করা হয় এবং বিবাহে তাদের সমান সঙ্গী হিসাবে গণ্য করা হয়। গত ১৯ এপ্রিলের নির্দেশেও সুপ্রিম কোর্টের তরফে বলা হয়েছিল, সপ্তপদীর মতো হিন্দু বিবাহের নিয়ম ছাড়া বিবাহকে হিন্দু বিবাহ বলে গণ্য করা হয় না।

বিজেপিতে যোগ ‘অনুপমা’ খ্যাত বাঙালী অভিনেত্রীর

নয়াদিল্লি, ২ মেঃ লোকসভা ভোটের মাঝে বিজেপির বড় চমক। গেরুয়া শিবিরে যোগ দিলেন টেলিভিশন দুনিয়ার জনপ্রিয় অভিনেত্রী রূপালি গঙ্গোপাধ্যায়। বুধবার দিল্লিতে দলীয় সদর দফতরে বিজেপিতে নাম লেখানো বাঙালিকন্যা। এদিন গেরুয়া শিবিরের নেতা বিনোদ তাওড়ে এবং অনিল বাবুদ্রির উপস্থিতিতে ভারতীয় জনতা পার্টিতে যোগ দেন রূপালি। বিজেপির সদর দফতরে পৌঁছে দলের পতাকা হাতে তুলে নেন ‘অনুপমা’ খ্যাত অভিনেত্রী। এবণর সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, “উন্নয়নের মহাযজ্ঞ চলছে। সেই মহাযজ্ঞে সামিল হতেই আমার রাজনীতিতে আসা।” এর আগে গত মার্চ মাসে একটি অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে দেখা করেছিলেন রূপালি। সেই অনুষ্ঠানে মোদির সঙ্গে একই মঞ্চে তাঁকে দেখা যায়। ইন্‌সটিগ্রামে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের মুহূর্তকে জীবনের সবথেকে সেরা ও স্মরণীয় দিন বলে উল্লেখ করেছিলেন অভিনেত্রী। সেদিন তিনি লিখেছিলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে সাক্ষাৎ আমার কাছে স্বপ্ন সতি হওয়ার মতো। সারাতেই বনাম সারাভাই সিরিয়ালে রূপালির চরিত্রটি বেশ জনপ্রিয় হয়েছিল। তারপর আর বাঙালিকন্যাকে মুম্বইয়ের কেরিয়ারে পিছন ফিরে তাকাতে হয়নি। মাঝে বিয়ে করে সংসারি হন অভিনেত্রী। তখনও টুকটাক চলছিল সিরিয়ালের কাজ। তবে জীবনে মাতৃত্ব আসার পর লম্বা বিরতিতে চলে যান রূপালি। এবণর অনুপমা সিরিয়ালের মূল চরিত্রে ফের কামব্যাক করেন তিনি। আর কামব্যাক সিরিয়ালই তাঁকে জনপ্রিয়তার শীর্ষে নিয়ে যায়। এবার সেই জনপ্রিয়তাকে কাজে লাগিয়েই রাজনীতিয় কেরিয়ার শুরু করতে চলেছেন রূপালি।

লোকসভা ভোটে সবথেকে ধনী প্রার্থী তবু সারল্যে ভরা প্রচার পল্লবীর

পানাজি, ২ মেঃ দক্ষিণ গোয়ার কুয়েমের তালুকার একটি ছোট গ্রাম গুড়ি পরেদা। লোকসভা ভোটের কোটিপতি বিজেপি প্রার্থী পল্লবী ডেম্পেপার সারল্য দেখে মুগ্ধ হয়ে গেলেন সেই গ্রামের আম জনতা। টয়োটা ইনোভায় চেপে স্থানীয় পঞ্চায়েতের হল ঘরে পৌঁছান ডেম্পেপা। তিনি ছিলেন গাড়ির পিছনের সিটে। পাশে ছড়িয়ে ছিটিয়ে রাখা অনেক কাগজপত্র। ভোটের প্রচার সভার ফাঁকেই নিজের অফিসের কাজকর্ম সেরে নিচ্ছেন তিনি। আর তাঁর মহিলা সেক্রেটারি বসে ছিলেন সামনের সিটে। ভুইভারের পাশের আসনে। পরনে হলুদ শাট। কালো ব্লাউজ। গলায় একটি লম্বা মকলসূত্র। কপালে কুমকুম। চুলে সাদা ফুলের মালা। দু’হাতে একটা করে সোনালি চুড়ি। শাড়ির আঁচ কাঁধের পিছন দিক দিয়ে ঘুরিয়ে রাখা। একেবারে গোয়ান হিন্দু সংস্কৃতি যেমন হয়। ৪৯ বছর বয়সি পল্লবী ডেম্পেপা শেখের সবথেকে ধনী লোকসভা ভোটের প্রার্থী। তাঁর স্বামী ডেম্পেপা গ্রুপের চেয়ারম্যান শ্রীনিবাস। স্বামী ও তাঁর মিলিয়ে ডেম্পেপার মোট সম্পত্তি ১ হাজার ৪০০ কোটি টাকা। তাছাড়া পল্লবীই হলেন গোয়া থেকে লোকসভা নির্বাচনে বিজেপির প্রথম কোনও মহিলা প্রার্থী। গোয়ার অন্যতম সম্ভ্রান্ত শিল্পপতি পরিবার হল ডেম্পেপারা। তাদের শিপিং থেকে শুরু করে মিডিয়া, ফুটবল, শিক্ষাক্ষেত্রে বিনিয়োগ রয়েছে তাদের। পাশাপাশি বিভিন্ন চ্যারিটির কাজও করে ডেম্পেপা গ্রুপ। সেই ডেম্পেপা পরিবারে পল্লবীর ঝুলিতে রয়েছে বিসনেস ম্যানেজমেন্টের ডিগ্রি। পুনের মহারাষ্ট্র ইন্‌স্টিটিউট অব টেকনোলজি থেকে বিসনেস ম্যানেজমেন্ট স্নাতকোত্তর ডিগ্রি রয়েছে তাঁর। মিডিয়া, রিয়েল এস্টেট, শিক্ষা ও ডেম্পেপাদের চ্যারিটির বিভিন্ন কাজকর্মেরে দেখভাল করতেন পল্লবী। প্রচার সভায় পল্লবী ডেম্পেপা তাঁর বক্তব্য শুরু করলেন একেবারে খাঁটি কোঙ্কনি ভাষায়। পল্লবী রাজনীতিতে নবগত। তবে নিজের লোকসভা কেন্দ্রের বিষয়ে ভালই তথ্য রয়েছে তাঁর কাছে। তাঁর এলাকায় কোন সম্প্রদায়ের মানুষ বেশি, তাও যথেষ্ট বোঝেন। এখানে ২৪ শতাংশ ভোটার রয়েছেন, যাঁরা ক্যাথলিক। পল্লবী বলেন, “আমাদের শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে, আমরা কখনোই ধর্মের ভিত্তিতে পড়ায়দের মধ্যে বৈষম্য বা ভাগাভাগি করি না। আমরা দরিদ্র পরিবারের ছাত্র-ছাত্রীদেরও আর্থিক সাহায্য করি।”

মোদিকে ‘নকল’ করেই জনপ্রিয়তা, এবার মোদির বিরুদ্ধে প্রার্থী হচ্ছেন এই কমেডিয়ান



বারাণসী, ২ মেঃ প্রতিদ্বন্দ্বী বাডল নরেন্দ্র মোদির। ২০১৪, ২০১৯ সালের মতো এবারের লোকসভা নির্বাচনেও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি লড়ছেন বারাণসী কেন্দ্র থেকে। তাঁর বিরুদ্ধে নির্বাচনে প্রার্থী হওয়ার কথা ঘোষণা করলেন শ্যাম রঙ্গিলা। পেশায় তিনি কমেডিয়ান। প্রধানমন্ত্রী মোদির নকল করেই তিনি জনপ্রিয়তা অর্জন করেছেন। এবার তিনি লোকসভা নির্বাচনে প্রধানমন্ত্রীর বিরুদ্ধে লড়াই করার ঘোষণা করলেন। বুধবার এক হাভেন্ডলে পোস্ট করে শ্যাম রঙ্গিলা লেখেন, বারাণসী থেকে লড়াই করার ঘোষণা তার আপনাদের সকলের থেকে ভালবাসা পেয়ে আমি অপ্রত্যা। শ্রীহাই বারাণসী পৌঁছে আমি মনোনয়ন ও নির্বাচন নিয়ে কথা বলব। এর আগের পোস্টেই রঙ্গিলা লিখেছিলেন, “আমি বারাণসী সেন্ট্র থেকে লড়ব কারণ আজকাল কোনও নিশ্চয়তা নেই যে কে কখন মনোনয়ন প্রত্যাহার করে দেয়।” সংবাদমাধ্যমেরও মুখোমুখি হয়ে ওই কমেডিয়ান বলেন, “২০১৪ সালে আমি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভক্ত ছিলাম। প্রধানমন্ত্রীকে সমর্থন জানিয়ে আমি একাধিক ভিডিয়োও পোস্ট করেছিলাম। রাহুল গান্ধি ও কেজরীবালের বিরোধিতা করেও একাধিক ভিডিয়ো পোস্ট করেছিলাম। ওই ভিডিয়ো দেখে কেউ বলতেই পারেন যে আগামী ৭০ বছর আমি শুধু বিজেপিকে ভোট দেব। কিন্তু বিগত ১০ বছরে পরিস্থিতির অনেক বদল হয়েছে। আমি নির্দল প্রার্থী হিসাবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিরুদ্ধে লড়ব।” তিনি আরও বলেন, “আমি প্রার্থী হওয়ায় বারাণসীর মানুষেরা ভোটদানের সময় অপশন পাবে। সুরাট, ইন্দোলের মতো হবে না। আমি এই সপ্তাহেই বারাণসী যাব ও মনোনয়ন জমা দেব।”

রাহুল গান্ধিকে সমর্থন পাকিস্তানের প্রাক্তন মন্ত্রীরা! কংগ্রেসকে ধুয়ে দিল বিজেপি

নয়াদিল্লি, ২ মেঃ লোকসভা নির্বাচনে এবার ঢুকে পড়ল পাকিস্তানও! বিজেপি বনাম কংগ্রেসের লড়াইয়ে মাঝে পাকিস্তানের এক মন্ত্রীর পোস্টকে ঘিরে তুমুল বিতর্ক শুরু হয়েছে। কংগ্রেস নেতা রাহুল গান্ধিকে সমর্থন জানিয়ে পাকিস্তানের প্রাক্তন মন্ত্রী চৌধুরী ফাওয়াদ হুসেনের পোস্টের পরই শুরু হয় বিতর্ক। পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খানের ক্যাবিনেটের মন্ত্রী ছিলেন ফাওয়াদ হুসেন। সম্প্রতিই তিনি রাহুল গান্ধির একটি ভিডিয়ো শেয়ার করেন। ক্যাপশনে লেখেন, রাহুল অন ফায়ার। এই পোস্ট সামনে আসার পরই বিতর্কের বড় ওঠে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও এই পোস্টের উল্লেখ করে বলেন, কংগ্রেসের যেখানে অস্তিত্ব খুঁজে পাওয়া যাচ্ছে না, সেখানেই পাকিস্তান দৃশ্য করছে। কংগ্রেসের জন্য এখন পাকিস্তানের নেতারা প্রার্থনা করছেন। শাহজাদাকে (রাহুল গান্ধি) প্রধানমন্ত্রী বানানোর জন্য পাকিস্তান উত্তলা হয়ে উঠছে। এতেই কংগ্রেসের সঙ্গে পাকিস্তানের যোগ সম্পৃক্ত হয়ে গিয়েছে। দেশের শত্রুদের আজ ভারতে শক্তিশালী সরকারের নয়, দুর্বল সরকারের প্রয়োজন। এমন দুর্বল সরকারের প্রয়োজন যারা মুম্বইয়ে ২৬/১১ হামলা চালানোর মতো। দেশের শত্রুদের ২০১৪ সালের আগের মতো দুর্নীতপ্রস্ত সরকারের প্রয়োজন। বিজেপির মুখপাত্র ‘তথা অহিট সেনের প্রচারণা অমিত মালব্যাও কংগ্রেসকে আক্রমণ করে বলেন, “চৌধুরী ফাওয়াদ হুসেন, যিনি ইমরান খানের ক্যাবিনেটের মন্ত্রী ছিলেন, তিনি রাহুল গান্ধির প্রচার করছেন। কংগ্রেস কি পাকিস্তানে নির্বাচনে লড়ছে?”

প্রচার সভায় মহিলাদের উপস্থিতি ছিল যথেষ্ট বেশি। সেই মহিলাদের মন জেতারও চেষ্টা দেখা গেল বিজেপি প্রার্থীর গলায়। বললেন, “আমি বিজেপির প্রথম মহিলা প্রার্থী। আপনারাই আমাকে বলুন, এমন কোনও কাজ কি আছে, যা পুরুষরা করতে পারে, কিন্তু মহিলারা পারে না?” তিনি যখন এই প্রশ্ন করছেন, তখন সামনে বসে থাকা ভিড়ের মধ্যে শুধুই করতালি। খুব লম্বা-চওড়া বক্তব্য নয়। খুব বেশি হয় মিনিট পাঁচেকের বক্তব্য রাখেন পল্লবী। তার মঞ্চেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সরকারের বিভিন্ন সাফল্যের কথা তুলে ধরেন তিনি। ভোটারদের কাছে বার্তা দেন, ফের এবার মোদিকে প্রধানমন্ত্রী হিসেবে বেছে নেওয়ার জন্য। নিজের সম্পর্কে বললেন শুধু একটাই কথা, “আমি শুধু একটাই কথা বলতে পারি, আমি দিল্লিতে আপনাদের কষ্টস্বর হয়ে উঠব।”



দক্ষিণ গোয়া লোকসভা আসনের জন্য পল্লবী ডেম্পেপাকে বেছে নেওয়া বিজেপির অনেক কর্মীকে অবাক করেছে। প্রাক্তন সাংসদ নরেন্দ্র সাওয়াইকর, প্রাক্তন বিধায়ক চন্দ্রকান্ত কুভালেকারের মতো রাজনীতিকদের বদলে ছোট ময়দানে নামানো হয়েছে তাঁকে। উল্লেখ্য, অযোগ্য্যয় রাম মন্দিরের উদ্বোধনের অনুষ্ঠানে দেখা গিয়েছিল পল্লবী ও শ্রীনিবাসকে। ইঙ্গিত সেখান থেকেই মিলেছিল যে তাদের দু’জনের মধ্যে থেকে কাউকে ভোটের প্রার্থী করা হতে পারে। মুখামন্ত্রী প্রমোদ সাওয়াভ অবশ্য বলেছেন, দক্ষিণ গোয়া আসনের জন্য পল্লবী ডেম্পেপাকে বেছে নেওয়াই সঠিক সিদ্ধান্ত। গোয়ার মুখ্যমন্ত্রীর কথায়, “বিরোধীরা বলে তিনি বহিরাগত। কিন্তু তিনি এই মাটিরই মেয়ে। তিনি দক্ষিণ গোয়াতেই বড় হয়েছেন। তিনি জিতলে দক্ষিণ গোয়ার মানুষ একজন শিক্ষিত ও নম্র জনপ্রতিনিধি পাবে।” দক্ষিণ গোয়া

লোকসভা আসন বিজেপির জন্য বরাবরই একটি চ্যালেঞ্জের আসন। ২০০৯ সালে এবং ২০১৪ সালে মাত্র দু’বার এই লোকসভা কেন্দ্র থেকে জিতেছে বিজেপি। ১৯৬২ সাল থেকে কংগ্রেস ১০ বার এই দক্ষিণ গোয়া থেকে সাংসদ পেয়েছে। এবারের ভোটে কংগ্রেসের টিকিটে প্রার্থী হয়েছেন নৌসেনার প্রাক্তন অফিসার ক্যাপ্টেন ভিরিয়াটো ফার্নান্ডেজ। আম আদমি পাটিও তাঁকে সমর্থন দিচ্ছে সেখানে। মারগাও, পোন্ডা, কুয়েপেম, কানাকোনার মতো অঞ্চলগুলি মূলত হিন্দু অধ্যুষিত। রাজনৈতিক মহলের মতে, ডেম্পেপার জয়ের সম্ভাবনা অনেকটা নির্ভর করছে এই অঞ্চলের ভোটারদের উপর। পল্লবী ডেম্পেপা সারস্বত সম্প্রদায়ের একজন। ফলে শ্রীনিবাসদের সঙ্গে যোগ থাকা প্রভাবশালী গৌড়পদাচাৰ্য মঠের থেকেও সমর্থন পেতে পারেন

তিনি। উল্লেখ্য, সারস্বত সম্প্রদায় এই মঠকে ভীষণভাবে মেনে চলে। দক্ষিণ গোয়ায় সবথেকে বেশি জায়গা জুড়ে রয়েছে এই সারস্বত সম্প্রদায়। এক বর্ষীয়ান বিজেপি নেতা যেনম বলেই দিয়েছেন, তারা দিশেহী, পল্লবীর ডেম্পেপাকে সমর্থনের জন্য বার্তা দিতে পারেন। আমরা আমাদের ক্যাথলিক বিধায়কদের স্পষ্টভাবে বলে দিগেই, পল্লবীর জন্য ভোট ময়দানে ঘাম ঝরিয়ে দিতে হবে। পল্লবীর জয়ের উপরেই নির্ভর করছে, নেতারা দলে কতটা জায়গা পাবেন। তাৎপর্যপূর্ণ একটি বিষয় হল, ডেম্পেপার সমর্থনে প্রচারে বেরিয়েছেন নাগাল্যান্ডের প্রথম মহিলা রাজ্যসভার সাংসদ এস ফান্দনন কোনিয়াক। ডেম্পেপার সঙ্গে ভোটের প্রচাররতায় গিয়েছিলেন তিনি। ক্যাথলিক ভোটারদের কাছে টানতে ডেম্পেপাও ভোটারদের সঙ্গে ফান্দননের পরিচয় করিয়ে দেন। রাজ্যসভার একজন ক্যাথলিক সদস্য হিসেবে।

না ফেরার দেশে তামিল গায়িকা উমা রামানন

তিরুঅনন্তপুরম, ২ মেঃ না ফেরার দেশে বিখ্যাত তামিলিয়ান গায়িকা উমা রামানন। তিনি ভারত প্লেব্যাক সঙ্গীতে দারুণ ভাবে নিজের অবদান রেখে গিয়েছেন। নানা সময় তিনি দক্ষিণের বিখ্যাত মিউজিক কম্পোজার ইলাইয়ারাজার সঙ্গে জুটি বেঁধে একাধিক হিট উপহার দিয়েছেন। ১ মে ২০২৪ সালে তিনি চলে গেলেন সুরলোক। সুত্রের খবর অনুযায়ী উমা গত বুধবার নারা গিয়েছেন। তিনি দীর্ঘদিন ধরে অসুস্থ ছিলেন। তবে তাঁর মৃত্যুর কারণ এখনও অজানা। তবে কবে কখন তাঁর শেষকৃত্য সম্পন্ন হবে সেটা এখনো অজানা। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭২ বছর। উমা রামানন তাঁর প্রাথমিক সঙ্গীত শিক্ষা তেও ক্লাসিকাল মিউজিকেরে নিয়েছিলেন পাজহানি বিজয়লক্ষ্মীর থেকে।

দিল্লিতেও নিয়োগে ‘ঘোলা জল’ এক চিঠিতে চাকরি গেল ২২৩ জনের!

নয়াদিল্লি, ২ মেঃ রাজধানীতে এবার নিয়োগে ‘ঘোলা জল’। একথাঙ্কায় চাকরি গেল ২২৩ জন কর্মীর। দিল্লির লেফটেন্যান্ট গভর্নর ভিকে সান্ধো এ দিন ২২৩ জন কর্মীর চাকরি বাতিলের নির্দেশ দেন। অভিযোগ, আম আদমি পাটির সাংসদ স্বাতী মালিওয়াল যখন দিল্লির মহিলা কমিশনের প্রধান ছিলেন, সেই সময় তিনি এই বৈআইনি নিয়োগ করেছিলেন। বৃহস্পতিবারই দিল্লির লেফটেন্যান্ট গভর্নরের অফিস থেকে নির্দেশ জারি করা হয় যে প্যালেস ৪০ জন কর্মীর নিয়োগ রঞ্ধুর করেছিল। কিন্তু দিল্লি কমিশন ফর ওমেন অ্যান্ড অমান্য করে ২২৩টি নতুন পদ তৈরি করা হয়। এর জন্য লেফটেন্যান্ট গভর্নরের অনুমতিও নেওয়া হয়নি। লেফটেন্যান্ট গভর্নরের জারি করা নির্দেশিকায় উল্লেখ করা হয়েছে যে কমিশনের কোনও অধিকার নেই চুক্তির ভিত্তিতে কর্মী নিয়োগ করার।



একইসঙ্গে কমিশনকে এও জানানো হয়েছিল যে তারা এমন কোনও পদক্ষেপ করতে পারে না অর্থ বিভাগের অনুমতি ছাড়া, যাতে সরকারের উপরে আর্থিক বোঝা বাড়ে। তদন্তে জানা গিয়েছে, নির্ধারিত নিয়ম মেনে নিয়োগ করা হয়নি। দিল্লি মহিলা কমিশনে কর্মী নিয়োগ ও বেতন বৃদ্ধির ক্ষেত্রে নির্দিষ্ট গাইডলাইন মানা হয়নি। প্রসঙ্গত, আম আদমি পাটির হয়ে রাজ্যসভার সাংসদ স্বাতী মালিওয়াল

বিগত ৯ বছর ধরে দিল্লির মহিলা কমিশনের প্রধান ছিলেন। সাংসদ হওয়ার পর তিনি এই পদ থেকে ইস্তফা দেন। এখনও এই পদ ফাঁকা রয়েছে। জানা গিয়েছে, স্বাতী মালিওয়ালকে একাধিকবার নিয়োগ নিয়ে অর্থ দফতরের অনুমতি নেওয়ার কথা বলা হয়েছিল, কিন্তু তিনি তা মানেননি। এই বিষয়ে এখনও অবধি স্বাতী মালিওয়াল ও আম আদমি পাটির তরফে প্রতিক্রিয়া মেনে।

প্রচারে গিয়ে শুধু মিথ্যা বলছেন রাহুল গান্ধি? মিলল হাতেনাতে প্রমাণ

নয়াদিল্লি, ২ মেঃ লোকসভা নির্বাচনের প্রচারে গিয়ে মিথ্যা বলছেন রাহুল গান্ধি? বিজেপি সরকারকে আক্রমণ করতে বিকৃত তথ্য ও ভুয়া খবর বলছেন তিনি? এমনটাই মারাত্মক অভিযোগ উঠেছে কংগ্রেস সাংসদের বিরুদ্ধে। বিজেপির দাবি লাগাতার মিথ্যাচার করছেন রাহুল গান্ধি। ওয়েনাডের বিদায়ী সাংসদের এই মিথ্যাচার এবার ভিডিয়োতেও ধরা পড়ল। প্যামফ্লেট নামক একটি সংবাদমাধ্যম এক্স হ্যাভেন্ডলে একাধিক ভিডিয়ো পোস্ট করে রাহুল গান্ধির মিথ্যাচারের বিষয়টি তুলে ধরেছে। গত ৩০ এপ্রিল মধ্য প্রদেশের ভিন্দে নির্বাচনী প্রচারে গিয়ে রাহুল গান্ধি যে যে দাবি করেছিলেন, তার থেকেই ১০টি মিথ্যা খুঁজে পাওয়া গিয়েছে। কী সেই মিথ্যা? প্রথমেই রাহুল গান্ধি দাবি করেন যে

শ্রমিকদের উপর পুষ্প বর্ষণ করছেন ধন্যবাদ জানানোে। রাহুলের আরও মিথ্যা দাবি ছিল যে দেশের রাষ্ট্রপতি আদিবাসী হওয়ায় তাঁকে রাম মন্দিরের প্রাণ প্রতিষ্ঠায় আমন্ত্রণ জানানো হয়নি। সংসদের উদ্বোধনেও তাঁকে আমন্ত্রণ করা

প্যামফ্লেট নামক একটি সংবাদমাধ্যম এক্স হ্যাভেন্ডলে একাধিক ভিডিয়ো পোস্ট করে রাহুল গান্ধির মিথ্যাচারের বিষয়টি তুলে ধরেছে।

হয়নি, কারণ তিনি নীচ শ্রেণি। এ প্রসঙ্গে রাম জম্মাভূমি ট্রাস্টের তরফে রাহুল গান্ধি ওই জনসভা থেকেই দাবি করেন যে প্রধানমন্ত্রী মোদি কৃষকদের জঙ্গি বলেছেন। যদিও এমন কোনও প্রমাণ পাওয়া যায়নি যেখানে প্রধানমন্ত্রীকে এই কথা বলতে শোনা যাচ্ছে। বরং কৃষকদের উন্নয়নে সরকার কী কী করেছে, তার খতিয়ান দিতে শোনা যায় প্রধানমন্ত্রীকে। তিনি বলেন যে ২০১৪-র আগে সরকারের সমর্থন পেত না কৃষকরা। এখন কোটি কোটি কৃষক পিএম কিসান সম্মান নিধি পাচ্ছে। ২.৫ লক্ষ কোটি টাকা কৃষকদের অ্যাকাউন্টে পাঠানো হয়েছে। রাহুলের আরও একটি বড় দাবি, দেশে বেকারত্ব ৪৫ বছরে সর্বোচ্চ সীমায় পৌঁছেছে। এদিকে, সরকারি তথ্য বলছে বিগত কয়েক বছরে দেশে চাকরি ক্ষেত্রে উন্নতি হয়েছে এবং বেকারত্বের হার কমেছে। কংগ্রেসের ইন্তেহার নিয়ে কথা বলতে গিয়ে রাহুল গান্ধি দাবি করেনেন যে ক্ষমতায় এলে সকলের অ্যাকাউন্টে লক্ষাধিক টাকা পাঠানো হবে। এদিকে যিনি কংগ্রেসের এই ইন্তেহার লিখেছেন, সেই প্রবীণ চক্রবর্তী নিজেই স্বীকার করে নিয়েছেন যে এই প্রকল্প বাস্তবায়নের জন্য তাদের হাতে কোনও তথ্যই নেই। রাহুলের আরও দাবি, রাম মন্দিরে প্রধানমন্ত্রীর সঙ্গের গৌতম আদানি ছবি তুলেছিলেন। সেখানেই কংগ্রেস নেতা শিল্পপতি গৌতম আদানিকে নিয়েও মোদি সরকারকে আক্রমণ করেন। রাহুল বলেন যে রেলওয়ে, সোলার পাওয়ার, বিদ্যুৎ, রাষ্ট্র, অস্ত্র-সব জায়গাতেই আদানিকেই কাজ পাইয়ে দিয়েছে বিজেপি সরকার। যদিও নথি অনুযায়ী, ইউপিএ জমানায় আদানি গোষ্ঠীর দারুণ বৃদ্ধি হয়েছে। কংগ্রেস শাসিত রাজ্যগুলিতেও বিপুল বিনিয়োগ করেছে আদানি গোষ্ঠী।



স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, “ক্ষমতায় এলে তিনি সংবিধান ধ্বংস করে দেবেন। রাহুলের সেই দাবির ভিত্তিতেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির একটি ভিডিয়ো পোস্ট করা হয়, যেখানে দেখা যাচ্ছে, মোদি বলেছেন, বাবা সাহেব আন্দেদকর নিজে আসলেও সংবিধান বদল হবে না। আমাদের সরকারের কাছে সংবিধান গীতা, কোরান, বাইবেল।’ রাহুলের দ্বিতীয় মিথ্যা দাবি ছিল যে রাম মন্দিরের প্রাণ প্রতিষ্ঠায় কোনও গরিব শ্রমিকদের আমন্ত্রণ জানানো হয়নি। অথচ রাম মন্দিরের উদ্বোধনের দিনের ভিডিয়োয় প্রধানমন্ত্রীকে দেখা যায় তিনি

বলা হয়, রাহুলের দাবি সম্পূর্ণ মিথ্যা। বর্তমান রাষ্ট্রপতি দ্রৌপদী মুরু ও প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দকে রাম মন্দিরের প্রাণ প্রতিষ্ঠায় আমন্ত্রণ জানানো হয়েছিল। কংগ্রেস নেতা শিল্পপতি গৌতম আদানিকে নিয়েও মোদি সরকারকে আক্রমণ করেন। রাহুল বলেন যে রেলওয়ে, সোলার পাওয়ার, বিদ্যুৎ, রাষ্ট্র, অস্ত্র-সব জায়গাতেই আদানিকেই কাজ পাইয়ে দিয়েছে বিজেপি সরকার। যদিও নথি অনুযায়ী, ইউপিএ জমানায় আদানি গোষ্ঠীর দারুণ বৃদ্ধি হয়েছে। কংগ্রেস শাসিত রাজ্যগুলিতেও বিপুল বিনিয়োগ করেছে আদানি গোষ্ঠী।

কোভিশিল্ড নেওয়ায় এখন ভয়ে রাতের ঘুম উড়েছে? রইল যাবতীয় প্রশ্নের উত্তর

দুরন্ত বার্তা প্রতিবেদন

করোনাকালের কথা মনে আছে? কী কঠিন দিন দেখতে হয়েছে বিশ্ব জুড়ে সমস্ত মানুষকে। করোনা সংক্রমণে আক্রান্ত হন কয়েকশো কোটিরও বেশি মানুষ। সংক্রমণ প্রাণ কাড়ে কয়েক কোটি মানুষের। সেই সময় সংক্রমণ থেকে বাঁচতেই তৈরি করা হয়েছিল কোভিড ভ্যাকসিন। ভারত নজির গড়েছিল অন্যান্য দেশগুলির আগেই ভ্যাকসিন তৈরি করে। টিকাকরণেও রেকর্ড গড়ে দেশ। যাই হোক, এখন বিদায়ি পাকিস্তান করোনা। তবু করোনাকে ঘিরে উদ্বেগ কমছে না। এবার চিন্তা বাড়িয়েছে করোনা টিকা। সম্প্রতিই ব্রিটিশ ফার্মাসিউটিক্যাল কোম্পানি অ্যাস্ট্রাজেনেকা জানিয়েছে, তাদের ভ্যাকসিনে কিছু বিরল পার্শ্বপ্রতিক্রিয়া তৈরি হতে পারে। জমাট বার্ধতে পারে বস্তু। এরপরই অনেকের রাস্তে ঘুম উড়েছে, কারণ ভারতে এই সংস্থার সঙ্গে হাত মিলিয়ে ভ্যাকসিন তৈরি করেছিল সেরাম ইন্সটিটিউট। এবার যারা এই সেরাম

দিয়েছেন চিকিৎসকরা। অ্যাস্ট্রাজেনেকার পার্শ্বপ্রতিক্রিয়ার স্বীকারোক্তির পর, মানুষের মনে সবথেকে বড় যে প্রশ্নটি জেগেছে, তা



কোটিরও বেশি মানুষ কোভিশিল্ডের ভ্যাকসিন নিয়েছেন। তাহলে সবারই কি পার্শ্বপ্রতিক্রিয়া দেখা দিতে পারে? কী হা হবে কোভিশিল্ড ভ্যাকসিন? এই সমস্ত প্রশ্নেরই উত্তর

হচ্ছে প্রতিদিন যে বহু মানুষের নীরবে হাট আটাক হচ্ছে, তার কারণ কি এই ভ্যাকসিন? কোভিশিল্ড ভ্যাকসিন কি হাট আটাকের কারণ হতে পারে? চিকিৎসকরা

ট্যালকম পাউডার থেকে ক্যানসার! ৬৫০ কোটি ডলার ক্ষতিপূরণ দিতে হবে জনসনকে

নয়াদিল্লি, ২ মেঃ সারা দেশ তো বটেই, একইসঙ্গে গোটা বিশ্বেও একসময় ব্যাপক জনপ্রিয়তা পেয়েছিল জনসন অ্যান্ড জনসন বেবি পাউডার। কিন্তু তাদের ট্যালকম পাউডার ব্যবহার করে ক্যানসার হচ্ছে এমন অভিযোগ সামনে আসার পরেই বিশ্বের অন্যতম এই জনপ্রিয় ব্র্যান্ডকে বাজার থেকে একপ্রকার সরিয়েই দেওয়া হয়েছে। দীর্ঘসময় ধরে মামলা চলছে জনসন অ্যান্ড জনসন কোম্পানির বিরুদ্ধে। মোটা অঙ্কের টাকা জরিমানা দিতেও বলা হয়েছে। জানা গেছে, কম করণ্ডে ৬৫০ কোটি ডলার ক্ষতিপূরণ দিতে হবে জনসনকে। প্রথমে প্রায় ২.১ বিলিয়ন ডলার দিয়ে গোটা ব্যাপারটার ফয়সালা করার প্রস্তাব দিয়েছিল জনসন অ্যান্ড জনসন। কিন্তু তারপর সব মিলিয়ে কোম্পানিকে প্রায় ৬.৫ বিলিয়ন ডলার ক্ষতিপূরণ দিতে হবে বলে জানা যাচ্ছে। ২০১৫ সালে ওভারিয়ান ক্যানস্যারে আক্রান্ত হয়ে মারা যান ৬২ বছরের জ্যাকি ফল্ল। জ্যাকির পরিবার জানান দীর্ঘ ৫০ বছর ধরে জনসন অ্যান্ড জনসন–এর ট্যালকম পাউডার ব্যবহার করছেন তিনি। তাঁর অভিযোগ করেন জ্যাকির এই মারণ রোগের কারণ ওই পাউডারই। সেন্ট লুইসের আদালত জনসন অ্যান্ড জনসনকে জরিমানার নির্দেশ দেয়। গোটা মার্কিন যুক্তরাষ্ট্রেই এই হেলথ কেয়ার ফার্মের বিরুদ্ধে ১ হাজারটি মামলা দায়ের হয়ে। এমনকি প্রধানমন্ত্রী জাানা, আরও হাজারেও বেশি মামলা আদালতে ওঠার অপেক্ষায় আছে। যদিও এই সব অভিযোগই অস্বীকার করেছেন জনসন অ্যান্ড জনসন কর্তৃপক্ষ। দাবি করেছেন, তাদের সব প্রোডাক্টই সুরক্ষিত। জনসন অ্যান্ড জনসন সংস্থার এক মুখপাত্র



সংবাদমাধ্যমকে জানিয়েছেন, এই রায় তারা মেনে নিচ্ছেন না, মিসৌরির সুপ্রিম কোর্টে আবেদন জানাবে তাদের সংস্থা। গত কয়েক বছর ধরে সারা আমেরিকায় জনসন অ্যান্ড জনসন সংস্থার বিরুদ্ধে কয়েক হাজার মামলা রুজু হয়েছে। তাদের ট্যালকম পাউডারে ক্ষতিকারক অ্যাসবেস্টস থাকায় গ্রাহকদের মধ্যে ক্যানসারের ঝুঁকি বাড়ছে, এটা বারবার করে বলার পরেও তা শোেননি জনসন। গত বছরেই আমেরিকার এক মহিলা অভিযোগ তুলেছিলেন এই বেবি পাউডার থেকেই মেসোথ্যালিমিয়ায় আক্রান্ত হয়েছেন তিনি। এর পরেই ক্যালিফোর্নিয়ার সুপিরিয়ার কোর্ট নির্দেশ দেয়, ৩৫ মহিলাকে ভারতীয় টাকায় প্রায় ১৯৯ কোটি টাকা ক্ষতিপূরণ দিতে হবে সংস্থাকে। শুধুমাত্র ক্যালিফোর্নিয়াতেই ১৩০০০০–এরও বেশি অভিযোগ জমা হয়েছে জনসন অ্যান্ড জনসনের বিরুদ্ধে। গোটা বিশ্বে প্রায় ১২ হাজার মামলাকারী অভিযোগ জানিয়েছেন এই সংস্থার বিরুদ্ধে।

বাবার গাইডেন্সই সাফল্য পেল হুগলির ছেলে তপজ্যোতি মণ্ডল, মাধ্যমিক পরীক্ষায় চতুর্থ স্থান

দূরন্ত বার্তা, কামারপুকুর হুগলি, ২ মেঃ সর্বদাই ক্লাসে প্রথম স্থান অর্জন করে এসেছে তপজ্যোতি মণ্ডল তপজ্যোতির মাধ্যমিকের মোট প্রাপ্ত নম্বরের পরিমাণ ৬৯০ গান-বাজনা ও কবিতা লেখার প্রতি বিশেষ আগ্রহ রয়েছে তার ,কামারপুর রামকৃষ্ণ মিশনের ছাত্র তপজ্যোতি মণ্ডল, সারাদিন বই মুখে গুঁজে বসে থাকলে বাবা বারণ করতেন। পড়াশোনার পাশাপাশি অন্যান্য জগতের প্রতি নজর দিতে বলতেন পেশায় শিক্ষক সব্যসাচী মণ্ডল।

বাবার গাইডেন্সই সাফল্য পেল হুগলির ছেলে তপজ্যোতি মণ্ডল। মাধ্যমিক পরীক্ষায় চতুর্থ স্থান অধিকার করেছে সে। ক্লাস ওয়ান থেকে ক্লাস ১০ পর্যন্ত কোনও দিনও দ্বিতীয় হয় নি! সর্বদাই ক্লাসে প্রথম স্থান অর্জন করে

এসেছে তপজ্যোতি মণ্ডল। এবার জীবনের প্রথম বড় বোর্ড পরীক্ষা মাধ্যমিক সেখানে ও চূড়ান্ত সফল। ৯৮.৫৭ শতাংশ নম্বর পেয়ে মাধ্যমিকের চতুর্থ স্থান অর্জন করেছে হুগলির আরামবাগ কামারপুকুরের তপজ্যোতি মণ্ডল। তপজ্যোতির মাধ্যমিকের মোট প্রাপ্ত নম্বরের পরিমাণ ৬৯০। প্রথম থেকেই কামারপুর রামকৃষ্ণ মিশনের ছাত্র তপজ্যোতি। বাবা সব্যসাচী মণ্ডল তাতারপুর হাই স্কুলের ভূগোলের শিক্ষক। মা অদিতি মণ্ডল গৃহিণী। মা-বাবার কাছেই দিনের বেশিরভাগ সময় পড়াশোনা করতেন তপজ্যোতি। বাপু প্রাপ্ত ডাক্তার হওয়ার ইচ্ছা রয়েছে তপজ্যোতির। পড়াশোনা আর পাশাপাশি গান-বাজনা ও কবিতা লেখার প্রতি বিশেষ আগ্রহ রয়েছে তার।



সারাদিনে বই পত্র নিয়ে বেশিক্ষণ বসে থাকলে বাবা সব্যসাচী তিনি বারন করতেন ছেলেকে। বই পড়ার পাশাপাশি

কবিতার বই তপজ্যোতির পছন্দ। গান পাওয়া তপজ্যোতির অন্যতম পছন্দের একটি কাজ। ক্লাস ওয়ান থেকে পড়াশোনার পাশাপাশি গান

মোবাইল ব্যবহার থেকে বিরত মাধ্যমিকে সাফল্য বলে মনে করেন নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের প্রধান শিক্ষক



দূরন্ত বার্তা, জয়নগর, ২ মেঃ বৃহস্পতিবার প্রকাশিত হলো এবারের মাধ্যমিক পরীক্ষার ফলাফল।প্রথম দশে ৫৭ জন। আর দক্ষিন ২৪ পরগনায় প্রথম দশে ৮ জন।আর বাকের মতন এবারও দক্ষিন ২৪ পরগনার নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন উল্লেখ যোগ্য স্থান অর্জন করেছে।বৃহস্পতিবার ফলাফল ঘোষণার পর থেকে অভিনন্দনের পালা শুরু হয়ে গেছে মিশনে। মোবাইল ব্যবহার থেকে বিরত রাখার কারনেই তাঁদের ছাত্রদের একতড় সাফল্য বলে মনে করছেন নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের প্রধান শিক্ষক স্বামী ইষ্টেশানন্দ।

মাধ্যমিকের ফলে এবার জয়জয়কার এই আবাসিক বিদ্যালয়ের। মাধ্যমিকের মেধা তালিকায় প্রথম দশে এবার জায়গা করে নিয়েছে দঃ ২৪ পরগনার নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের ৬ ছাত্র। তৃতীয়, ষষ্ঠ, সপ্তম, নবম ও দশম স্থানে রয়েছে মিশনের ছাত্ররা। ৬৯১ পেয়ে মেধা তালিকার তৃতীয় স্থানে জায়গা করে নিয়েছে নেদারি রঞ্জন পালা। ৬৮৮ পেয়ে অলিত গায়েন ষষ্ঠ স্থান, ৬৮৭ পেয়ে আলোধ্য মাইতি সপ্তম স্থান দখল করেছে। ৬৮৫ পেয়ে এই আবাসিক স্কুলের দুই ছাত্র খ্যতব্রত নাথ ও ঋক্মিক দত্ত নবম স্থানে রয়েছে। ৬৮৪ পেয়ে দশম স্থানে

রয়েছে শুভ্রকান্তি জানা। এই আবাসিক বিদ্যালয়ের নিয়মানুবর্তিতাই স্কুলের পরীক্ষার্থীদের সাফল্যের অন্যতম কারণ বলে মনে করেন এই স্কুলের প্রধান শিক্ষক স্বামী ইষ্টেশানন্দ। তিনি এদিন বলেন, আমাদের স্কুলের ছাত্রদের মোবাইল ব্যবহার করতে দেওয়া হয় না।

সেটাও সাফল্যের অন্যতম কারণ বলে আমার মনে হয়। কারণ মোবাইলে ডুবে থাকলে ছোটদের একাগ্রতা নষ্ট হয়। আরও অনেক দিকে মন চলে যায়। তাই আমরা এই দিকটায় খুব খেয়াল রাখি। এছাড়া ও এই আবাসিক বিদ্যালয়ে সব কিছুই সময় মেনে করতে হয় ছাত্রদের। এই নিয়মানুবর্তিতাও ওদের সাফল্যের চাবিকাঠি। পাশাপাশি সোনারপুরের সারদা বিদ্যাপীঠের দুই পরীক্ষার্থীও এবার মেধা তালিকায় জায়গা করে নিয়েছে। ৬৮৬ পেয়ে অষ্টম স্থানে রয়েছে সন্দীপন মাল্লা। আর ঈশান বিশ্বাস ৬৮৫ নম্বর পেয়ে নবম স্থানে রয়েছে।আর সফল এই পরীক্ষার্থীর এই সাফল্য খুশির হাওয়া তাদের পরিবারে।

সাতদিন ধরে জ্বলছে দেবেন্দ্র নগর ডাম্পিং স্টেশনের আগুন, বিষিয়ে উঠেছে বাতাস



আগরতলা, ২ মে : রাজধানী আগরতলা শহরের কাছে দেবেন্দ্রনগর ডাম্পিং স্টেশনে আগুন এখনও জ্বলছে। গত সাতদিন ধরে আগুনে বর্জ আবর্জনা পুড়ছে। তাতে গোটা এলাকায় বিষাক্ত ধূয়ায় ছেয়ে গেছে। স্থানীয় মানুষজন শ্বাস নিতে পারছেন না। অস্থির পরিস্থিতির মধ্যে দিন কাটাচ্ছেন। দমকল কর্মীরা আগুন নিভাতে ব্যর্থ হয়েছেন। এখন শুধু বৃষ্টির অপেক্ষা। যদি বৃষ্টি নামে তাহলে বৃষ্টির জলে যদি আগুন নিভে। কিন্তু কতদিন আর অপেক্ষায় থাকবেন স্থানীয় মানুষ।

এদিকে, এই বিষয়ে জেলা শাসকের হস্তক্ষেপ দাবি করেছে সিপিএম পশ্চিম জেলা কমিটি। সিপিএমের এক প্রতিনিধিদল বৃহস্পতিবার পশ্চিম ত্রিপুরা

জেলার জেলা শাসক ডঃ বিশাল কুমারের সাথে সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে সিপিএমের প্রতিনিধিরা আলিফে দেবেন্দ্রনগর ডাম্পিং স্টেশনের আগুন নিভানোর দাবী জানান। অনাথরা ওই এলাকার মানুষজন নানা রোগে আক্রান্ত হবেন। পরিস্থিতি ক্রমেই ভয়ানক হচ্ছে। জানা গিয়েছে জেলা শাসক প্রতিনিধি দলের বক্তব্য মনোযোগ সহকারে শুনেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দিয়েছেন। প্রসঙ্গত, আগরতলা শহরের বর্জ আবর্জনা পূর নিগমের গাড়িগুলি প্রতিনি্ন দেবেন্দ্রনগর ডাম্পিং স্টেশনে নিয়ে ফেলে দেয়। সেখানে বিস্তীর্ণ এলাকায় বর্জ আবর্জনা ছড়িয়ে ছিটিয়ে রয়েছে। এক সপ্তাহ আগে আচমকা ওই ডাম্পিং স্টেশনে আগুন লেগে যায়। কিভাবে



আগুন লেগেছে তার কোন কারণ খুঁজে পায়নি দমকল কর্মীরা। আগুন নেভানোর জন্য কয়েক দফায় স্টেটা চালিয়ে বার্ষ হয়ে ফিরে যায় দমকল কর্মীরা। এখনও ওই ডাম্পিং স্টেশনে আগুন জ্বলছে। আর বিষাক্ত ধূয়া গোটা এলাকা ছেয়ে যাচ্ছে।

দূরন্ত বার্তা, জয়নগর, ২ মেঃ আচমকা কাল বৈশাখির ঝড়ে মাধ্যমিক পরীক্ষার্থীর সব কাগজ পত্র নষ্ট হয়ে পড়ায় মাধ্যমিকের রেজাল্ট হাতে পেল না সুন্দরবনের রায়দীঘির আলিমা খাতুন নামে এক মাধ্যমিক পরীক্ষার্থী।বৃহস্পতি বার প্রকাশিত হয়েছে ২০২৪ এর মাধ্যমিক পরীক্ষার রেজাল্ট।রাজ্য জুড়ে পরীক্ষার্থীরা হিতমধ্যে তাদের ফলাফল জেনে ফেলেছেন।কিন্তু সুন্দরবনের রায়দিঘির নন্দকুমার পুরের মহাবনপারের এক মাধ্যমিক পরীক্ষার্থী আলিমা খাতুন এখনও অপেক্ষায় রয়েছেন রেজাল্টের জন্য।বুধবার রাতে এই এলাকায় হঠাৎ আসা কাল বৈশাখির ঝড়ে লভভন্ড হয়ে গেছে সবকিছু। আলিমাদের ঘরের ছাউনে ও উড়ে গিয়েছে ঝড়ে। ঝড় শেষ হওয়ার পর কিছুক্ষণের জন্য বৃষ্টিও হ্যা।আর এই বৃষ্টিতে নষ্ট হয়ে গেছে ঘরের একাধিক নথি। তার মধ্যে আলিমার গুরুত্বপূর্ণ কিছু নথি রয়েছে। ভিজ়েছে বই, খাতা। কিন্তু সবকিছু

গাওয়া তার অন্যতম সখ। এই বিষয়ে তপজ্যোতির বাবা সব্যসাচী জানান, ছেলের রেজাল্ট নিয়ে কিছুটা আশাবাদী ছিলেন তাদের পরিবার।

এক থেকে দশের মধ্যে থাকবে আশা করেছিলেন সেখানে চতুর্থ স্থান অর্জন করা মানে খুব ভালো ফল করেছে এমনটাই জানাচ্ছেন তাঁর বাবা। প্রসঙ্গত, মাধ্যমিক পরীক্ষা শেষ হওয়ার ৮০ দিন পর ফল প্রকাশ করল মধ্যশিক্ষা পর্ষদ। এ বছর সফলভাবে উত্তীর্ণ হয়েছে ৭ লাখ ৬৫ হাজার ২৫২ জন। পাশের হার ৮৬.৩১ শতাংশ। ৬০ শতাংশের বেশি নম্বর পেয়েছে ১ লক্ষ ১৮ হাজার ৪১১ জন। এবারের মাধ্যমিক পরীক্ষার মেধাতালিকায় পুরুক পরীক্ষার্থীর সংখ্যা ৪৫ জন, মহিলা পরীক্ষার্থীর সংখ্যা ১২ জন।

তৃতীয় দফাতেও অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন করাতে উদ্যোগী কমিশন

